

মাদারীপুর জেলাধীন সদর উপজেলা জনস্বাস্থ্য, স্যানিটেশন ও বিশুদ্ধ পানি সরবরাহ  
বিষয়ক কমিটির কার্যবিবরণী:

সভাপতি : মোসাঃ নারগিস আক্তার  
মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, সদর, মাদারীপুর।  
তারিখ : ১৮-১-২০২২ খ্রি:  
সময় : সকাল ১১:৩০ হতে সকাল ১২:৩০ টা।  
স্থান : উপজেলা পরিষদ মহিলা ভাইস চেয়ারম্যানের অফিস কক্ষ।  
সভায় উপস্থিত সদস্য বৃন্দঃ পরিশিষ্ট - 'ক'

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। অতঃপর সভাপতি সভার কার্যক্রম পরিচালনার জন্য সদস্য সচিবগণকে অনুরোধ জানান। কমিটির সদস্য সচিব বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শোনান। কার্যবিবরণীতে কোনরূপ সংশোধন বা বিয়োজন না থাকায় তা সর্বসম্মতিক্রমে অনুমোদিত ও গৃহীত হয়। অতঃপর কমিটির কার্যক্রমের নিম্নোক্ত আলোচনা হয় এবং নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

ক্রঃ নং	কমিটির নাম	আলোচ্য বিষয়	সিদ্ধান্ত/বাস্তবায়নকারী কর্তৃপক্ষ	বাস্তবায়নকারী কর্তৃপক্ষ
০১	জনস্বাস্থ্য, স্যানিটেশন ও বিশুদ্ধ পানি সরবরাহ কমিটির সভা	উপজেলা জনস্বাস্থ্য বিভাগের উপ-সহকারী প্রকৌশলী সভায় জানান যে, পিডিইপি-৩, জিপিএস এবং এনএনজিপিএস প্রকল্পের আওতায় বিভিন্ন সরকারি প্রাথমিক বিদ্যালয়ে দুই তলা ওয়াশরুম নির্মাণ কাজ চলমান রয়েছে। এ পর্যন্ত প্রায় ১৭ টি স্কুলে ওয়াশরুম নির্মাণ কাজ শেষ এবং ১৩ টির নির্মাণ কাজ চলমান রয়েছে। ০৯ টি ওয়াশরুম এ মাসেই হস্তান্তর করা হবে বলে আশা করা যাচ্ছে। তিনি আরও জানান, ৩৭ টি পৌরসভায় পানি সরবরাহ ও মানব বর্জ্য ব্যবস্থাপনা প্রকল্পের আওতায় মাদারীপুর সদর পৌর শহরে পানি সরবরাহ কাজের পাইপ নেটওয়ার্ক এবং উৎপাদক গভীর নলকূপের কাজ শেষ। এ মাসেই শুভ উদ্বোধন করা হবে বলে আশা করা যাচ্ছে। তিনি আরও জানান, ৩৭ টি পৌরসভায় পানি সরবরাহ ও মানব বর্জ্য ব্যবস্থাপনা প্রকল্পের আওতায় মাদারীপুর সদর পৌর শহরে ৩.৪৫ কি:মি: আরসিসি ড্রেন নির্মাণ কাজ খুব দ্রুত শুরু করা যাবে বলে আশা করা যাচ্ছে। এছাড়াও বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে।	চলমান কার্যক্রম বাস্তবায়নে মনিটরিং আরও জোরদার করতে হবে।	উপ-সহঃ প্রকৌশলী জনস্বাস্থ্য কর্মকর্তা, মাদারীপুর সদর

আর অন্য কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(মোসাঃ নারগিস আক্তার)  
মহিলা ভাইস চেয়ারম্যান

ও  
সভাপতি

উপজেলা জনস্বাস্থ্য, স্যানিটেশন ও বিশুদ্ধ পানি সরবরাহ কমিটি  
সদর, মাদারীপুর।

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্যঃ

- ১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, সদর, মাদারীপুর।
- ২। উপজেলা নির্বাহী অফিসার, সদর, মাদারীপুর।


মাদারীপুর জেলাধীন সদর উপজেলা জনস্বাস্থ্য, স্যানিটেশন ও বিশুদ্ধ পানি সরবরাহ  
বিষয়ক কমিটির কার্যবিবরণী:

সভাপতি : মোসাঃ নারগিস আক্তার  
মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, সদর, মাদারীপুর।  
তারিখ : ২০-৩-২০২২ খ্রি:  
সময় : সকাল ১১:৩০ হতে সকাল ১২:৩০ টা।  
স্থান : উপজেলা পরিষদ মহিলা ভাইস চেয়ারম্যানের অফিস কক্ষ।  
সভায় উপস্থিত সদস্য বৃন্দঃ পরিশিষ্ট - 'ক'

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। অতঃপর সভাপতি সভার কার্যক্রম পরিচালনার জন্য সদস্য সচিবগণকে অনুরোধ জানান। কমিটির সদস্য সচিব বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শুনান। কার্যবিবরণীতে কোনরূপ সংশোধন বা বিয়োজন না থাকায় তা সর্বসম্মতিক্রমে অনুমোদিত ও গৃহীত হয়। অতঃপর কমিটির কার্যক্রমের নিম্নোক্ত আলোচনা হয় এবং নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

ক্রঃ নং	কমিটির নাম	আলোচ্য বিষয়	সিদ্ধান্ত/বাস্তয়নকারী কর্তৃপক্ষ	বাস্তবায়নকারী কর্তৃপক্ষ
০১	জনস্বাস্থ্য, স্যানিটেশন ও বিশুদ্ধ পানি সরবরাহ কমিটির সভা	উপজেলা জনস্বাস্থ্য বিভাগের উপ: সহকারী প্রকৌশলী সভায় জানান যে, পিইডিপি-৪ প্রকল্পের আওতায় ১৪ টি সরকারি প্রাথমিক বিদ্যালয়ে চার তলা ভিত্তির দুই তলা ওয়াস ব্লক এর নির্মাণ কাজ চলমান রয়েছে। এ পর্যন্ত প্রায় ৩৭ টি স্কুলে ওয়াস ব্লক নির্মাণ কাজ সম্পন্ন হয়েছে এবং ০৩ টির কাজ চলমান রয়েছে। তিনি আরও জানান, মুজিব বর্ষ উপলক্ষে ভূমিহীন ও গৃহহীন পরিবারের জন্য অশ্রয়ণ প্রকল্পে ৩৯ টি পানির উৎস বরাদ্দ পাওয়া গেছে। এসব উৎস স্থাপনের স্থান তালিকা পাওয়া গেছে এবং স্থাপন কাজ চলমান রয়েছে। এছাড়াও বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে।	চলমান কার্যক্রম বাস্তবায়নে মনিটরিং আরও জোরদার করতে হবে।	উপ-সহঃ প্রকৌশলী জনস্বাস্থ্য কর্মকর্তা, মাদারীপুর সদর

আর অন্য কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

  
(মোসাঃ নারগিস আক্তার)  
মহিলা ভাইস চেয়ারম্যান

ও  
সভাপতি  
উপজেলা জনস্বাস্থ্য, স্যানিটেশন ও বিশুদ্ধ পানি সরবরাহ কমিটি  
সদর, মাদারীপুর।

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্যঃ

- ১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, সদর, মাদারীপুর।
- ২। উপজেলা নির্বাহী অফিসার, সদর, মাদারীপুর।